**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 30.05.2026** ` **Time: 1340**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ এরাজ্যে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে HPV টিকাকরণ কর্মসূচির সূচনা করেছেন। #সরকারি মেডীক্যাল কলেজ, হাসপাতাল মিলিয়ে ৮৮০ টি কেন্দ্রে ১৪ বছর বয়সী কিশোরীদের বিনামূল্যে এই প্রতিষেধক দেওয়া হবে।

২/ সরকারি হাসপাতালে পরিষেবার মানোন্নয়ন ও দালালরাজ বন্ধ করতে ‘জিরো টলারেন্স’ নীতি নিয়েছে রাজ্য সরকার।

৩/ রাজ্যের ৬’কোটির’ও বেশী মানুষকে ‘আয়ুষ্মান ভারত’ প্রকল্পের আওত্যা আনার লক্ষ্য নেওয়া হয়েছে।

৪/ ‘অন্নপূর্ণা যোজনা’র প্রথম কিস্তির টাকা, আগামী বুধবার থেকেই উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো শুরু হবে। এবিষয়ে গুজবে কান না দেওয়ার পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

৫/ রাজ্যে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের ২০০৮ থেকে ২০১৫ সাল পর্যন্ত বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়ার কাজ শুরু হয়েছে।

৬/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামিকাল আকাশবাণীতে, “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৭/ কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস। #উত্তরবঙ্গে সোমবার পর্যন্ত বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকবে।

**********************************************************************

কেন্দ্র ও পশ্চিমবঙ্গ সরকারের যৌথ উদ্যোগে এরাজ্যে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে HPV টিকাকরণ কর্মসূচির আজ সূচনা করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিধাননগর মহকুমা হাসপাতালে এই অনুষ্ঠানে দুই কিশোরী উপভোক্তার হাতে শংসাপত্র তুলে দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার ৭ লক্ষ ৭২ হাজার ৬৫০ ডোজ টিকা রাজ্যেকে দিয়েছে। ২৩৫ টি সরকারি মেডিকেল কলেজ-হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্রে আজ একযোগে এই টিকাকরণ কর্মসূচী শুরু হয়েছে। আগামী দিনে এই সংখ্যা বাড়িয়ে ৮৮০টি কেন্দ্রে বিনামূল্যে এই প্রতিষেধক দেওয়া হবে। ১৪ বছর বয়সী কিশোরীদের বিমামূল্যে সরকার এই টিকা দেবে। বেসরকারি জায়গায় এই টিকার একটি ডোজের দাম প্রায় চার হাজার টাকা। ( বাইট- শুভেন্দু / ভ্যাকসিন )

উল্লেখ্য, গত ফেব্রুয়ারি মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৪ বয়সী কিশোরীদের জন্য HPV টিককরণ কর্মসূচির সূচনা করেছিলেন।

**বাঘাযতীন** হাসপাতালে শুরু হয়েছে HPV ভ্যাকসিন দেওয়ার কাজ। যাদবপুরের বিধায়ক শবরী মুখোপাধ্যায়ের উপস্থিতিতে আজ প্রথম টিকা দেওয়া হয়। প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে ১৪ বছরের নিচে কিশোরীদের এই টিকা নেওয়ার জন্য সকলের প্রতি আহবান জানান বিধায়ক।

**নদীয়ার কল্যাণী** এইমসে আজ টিকাকরণ কর্মসূচির অনুষ্ঠান সরাসরি দেখানোর ব্যবস্থা করা হয়। উপস্থিত ছিলেন এইমসের এক্সিকিউটিভ ডিরেক্টর অরবিন্দ সিনহা, কল্যাণীর বিধায়ক অনুপম বিশ্বাস প্রমুখ।

**মালদা** মেডিক্যাল কলেজের প্রশাসনিক ভবনের করফারেন্স হলে এই অনুষ্ঠানে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন, জেলা পুলিশ সুপার অনুপম সিং, জেলা মুখ্যস্বাস্থ্য আধিকারিক ডাঃ সুদীপ্ত ভাদুড়ি, মালদা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডাঃ পার্থ প্রতীম মুখোপাধ্যায় প্রমুখ।

**বর্ধমান** মেডিক্যাল কলেজ হাসপাতালে এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পাঁচ কিশোরীকে টিকা দেওয়া হয়।

*************************************************************************

অন্যদিকে, বিধাননগর মহকুমা হাসপাতালের অনুষ্ঠানে SSKM হাসপাতালের অতিরিক্ত ১০০ শয্যার নতুন ইউনিটের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। সরকারি হাসপাতালে পরিষেবার মানোন্নয়ন ও দালালরাজ বন্ধ করতে সরকার জিরো টলারেন্স নীতি নিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। হাসপাতালগুলির ওপর স্বাস্থ্যভবন থেকে সরাসরি নজরদারি চালানো হবে। হাসপাতালে দালাল চক্র চলছে কিনা, রোগীরা ঠিকমতো পরিষেবা পাচ্ছেন কিনা, মুমূর্ষ রোগীকে রেফার করা হচ্ছে কিনা, হাসপাতালে পরিচ্ছন্নতা রয়েছে কিনা তা দেখা হবে। এছাড়াও রাজ্য সরকার একটি কন্ট্রোল রুম চালু করছে। সেখানেও হাসপাতালে পরিষেবা সংক্রান্ত যে কোনো অভিযোগ জানাতে পারবেন সাধারণ মানুষ।

মুখ্যমন্ত্রী জানান, কয়েকদিন আগে কলকাতা মেডিকেল কলেজে এক **মুমূর্ষ রোগীকে রেফার** করার জন্য MSVP-কে সাসপেন্ড করা হয়েছে। মুমূর্ষ রোগীদের যাতে রেফার না করা হয় তার জন্য সুসংহত পরিকল্পনা করেছে রাজ্য সরকার। বিভিন্ন সময়ে যেসব বেসরকারি হাসপাতাল রাজ্য সরকারের কাছ থেকে এক টাকায় জমি নিয়েছে তাদের ১৫ শতাংশ বেড সাধারণ মানুষ ও অর্থনৈতিকভাবে দুর্বল মানুষদের জন্য বরাদ্দ রাখতে হবে। এছাড়া সরকারি হাসপাতালে অতিরিক্ত চাপ তৈরি হলে, সেখান থেকে ওইসব বেসরকারি হাসপাতালে রোগীদের পাঠানো হলে বিনামূল্যে তাদের চিকিৎসা করতে হবে বলে তিনি জানান।

*************************************************************************

এছাড়াও রাজ্য সরকার, মেধার ভিত্তিতে স্বচ্ছতার সঙ্গে আরও ডাক্তার, নার্স, **স্বাস্থ্যকর্মী নিয়োগ** করবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন। উত্তরবঙ্গে এইমস তৈরির জন্য জায়গা খোঁজার কাজ চলছে বলে'ও জানান মুখ্যমন্ত্রী।

ওই অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ **শমীক ভট্টাচার্য** বলেন, বিগত সরকারের আমলে স্বাস্থ্য ক্ষেত্রে বদলি সহ সব বিষয় রাজনৈতিক নির্দেশে চলতো। এই ধারাকে বদলানো হবে। নতুন রাজ্য সরকারকে কোন রাজনৈতিক দল নিয়ন্ত্রণ করবে না। কোন বিশেষ সম্প্রদায়ের মানুষের জন্য নয়, রাজ্য সরকার সব মানুষের কল্যাণে কাজ করবে বলে তিনি জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল, স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম, বিধায়ক ডাক্তার শারদ্বত মুখোপাধ্যায়, ইন্দ্রনীল খাঁ প্রমুখ।

*****************************************************************************

রাজ্যে ‘আয়ুষ্মান ভারত’ প্রকল্প কার্যকর করার প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। বিধাননগর মহকুমা হাসপাতালে এইচপিভি টিকাকরণ কর্মসূচির সূচনা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা জানিয়েছেন। তিনি বলেন, ইতিমধ্যেই স্বাস্থ্য সচিব ও মুখ্যসচিব স্তরে প্রয়োজনীয় চিঠিপত্র আদান-প্রদান সম্পন্ন হয়েছে। রাজ্যের ১ কোটি ৩৬ লক্ষ পরিবার তথা ৬ কোটিরও বেশি মানুষকে আয়ুষ্মান ভারতের আওতায় আনা হবে। এর ফলে উপভোক্তারা বছরে ৫ লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্যবিমার সুবিধা পাবেন। দেশের যে কোনও প্রান্তে এই প্রকল্পের আওতাভুক্ত হাসপাতালে চিকিৎসা করানো যাবে। ভেলোরের সিএমসি, মুম্বইয়ের টাটা ক্যানসার হাসপাতাল, বিভিন্ন এইমস-সহ দেশের বড় বড় স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসার সুযোগ পাবেন বাংলার মানুষ। কর্মসূত্রে বা শিক্ষার কারণে অন্য রাজ্যে থাকা পরিযায়ী শ্রমিক ও পড়ুয়ারাও এই প্রকল্পের সুবিধা গ্রহণ করতে পারবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

*****************************************************************************

অন্নপূর্ণা যোজনার প্রথম কিস্তির টাকা আগামী বুধবার থেকেই উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো শুরু হবে। বিধাননগরে এক সরকারি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা জানান। তিনি বলেন, ইতিমধ্যেই প্রকল্পের জন্য নাম নথিভুক্তকরণ প্রক্রিয়া শুরু হয়েছে এবং প্রথম পর্যায়ে প্রত্যেক যোগ্য উপভোক্তার অ্যাকাউন্টে ৩ হাজার টাকা করে সরাসরি পাঠানো হবে। এ ব্যাপারে সকলকে শান্ত থাকার ও গুজবে কান না দেওয়ার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী।

তিনি জানান, যাঁরা নিজেরা ফর্ম পূরণ করতে পারবেন না, তাঁদের বাড়িতে বাড়িতে সরকারের পক্ষ থেকে কর্মীরা পৌঁছে যাবেন। তাঁরা ফর্ম পূরণে সাহায্য করবেন এবং আবেদনপত্র জমা দেওয়ার ব্যবস্থাও করবেন। প্রকৃত উপভোক্তাদের চিহ্নিত করেই আর্থিক সহায়তা পৌঁছে দেওয়ার উপর জোর দেন তিনি।

*****************************************************************************

রাজ্যে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের একাংশের বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়ার কাজ শুরু করেছে রাজ্য সরকার। ২০০৮ সালের এপ্রিল থেকে ২০১৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সরকারি কর্মচারীদের DA বাবদ যে বকেয়া রয়েছে, সেই টাকাই আপাতত দেওয়া হচ্ছে। এর আগে চলতি বছরের মার্চ মাসের মধ্যে প্রথম কিস্তিতে ২০১৬-র জানুয়ারী থেকে ২০১৯-এর ডিসেম্বর পর্যন্ত সব কর্মচারী ও অবসরপ্রাপ্তদের বকেয়া DA

মিটিয়ে দেওয়া হয়েছিল। যদিও, সরকার পোষিত সংস্থাগুলির কর্মী এবং পেনশন প্রাপকরা দুটি পর্যায়ের কোনোটিতেই মহার্ঘ্যভাতার টাকা পাননি।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী DA নিয়ে আগামী পয়লা জুন সরকারি কর্মচারী সংগঠনগুলির প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসবেন। আপাতত সেই বৈঠকের দিকেই তাকিয়ে রয়েছেন কর্মচারীরা। সুপ্রিম কোর্ট'ও গত বুধবারের শুনানিতে বকেয়া DA মেটানোর প্রক্রিয়া কতদূর এগিয়েছে, তা' জানতে চায়। তবে এব্যাপারে রাজ্য সরকারের তরফে আদালতের কাছে কিছুটা সময় চাওয়া হয়। সব পক্ষের বক্তব্য শুনে শীর্ষ আদালত মামলার শুনানি পিছিয়ে দেয়। জুলাই মাসের তৃতীয় সপ্তাহে ফের এই মামলার শুনানি হবে। তার আগে রাজ্যকে DA মামলার স্টেটাস রিপোর্ট জমা দিতে বলেছে সর্বোচ্চ আদালত।

*************************************************************************

বিরোধী দলনেতা নির্বাচন নিয়ে বিধানসভায় তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের পাঠানো চিঠিতে, সই জালের অভিযোগের তদন্তে সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধায়কে নোটিশ দিতে হরিশ মুখার্জির বাড়িতে পৌঁছেছে সিআইডি। নোটিশ দেওয়ার জন্য সিআইডি উপস্থিত হলেও প্রায় ৩০ মিনিট কেউ দরজা খোলে নি। এরপর বাড়ির পরিচারক বেড়িয়ে এসে জানান অভিষেক বন্দ্যোপাধায় বাড়িতে নেই। এখনো বাড়ির বাইরে অপেক্ষায় রয়েছেন CID আধিকারিকরা।

*************************************************************************

বিরোধী দলনেতা নির্বাচন নিয়ে বিধানসভায় তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের পাঠানো চিঠিতে, সই জালের অভিযোগের তদন্তে সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধায়কে নোটিশ দিতে হরিশ মুখার্জির বাড়িতে পৌঁছেছে সিআইডি। নোটিশ দেওয়ার জন্য সিআইডি উপস্থিত হলেও প্রায় ৩০ মিনিট কেউ দরজা খোলে নি। এরপর বাড়ির পরিচারক বেড়িয়ে এসে জানান অভিষেক বন্দ্যোপাধায় বাড়িতে নেই। এখনো বাড়ির বাইরে অপেক্ষায় রয়েছেন CID আধিকারিকরা।

*************************************************************************

দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটের উস্তিতে তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি, প্রাক্তন পঞ্চায়েত সদস্য জয়ন্ত মাইতিকে আবাস যোজনা ও ১০০ দিনের কাজে দুর্নীতির অভিযোগে গ্রেফতার করেছে পুলিশ। আবাস যোজনার টাকা দেওয়ার নামে উৎকোচ গ্রহণ, সাধারণ মানুষের জব কার্ডের একাউন্টের টাকা নয়ছয় করার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। এছাড়া জয়ন্ত এলাকার মানুষকে ভোটদানে বাধা দিয়েছে বলেও স্থানীয়দের দাবি।

*************************************************************************

নির্বাচনের ফলাফল ঘোষণার পর থেকে নিখোঁজ কোচবিহারের মারুগঞ্জের তৃণমূল কংগ্রেস জেলা সাধারণ সম্পাদক তথা তুফানগঞ্জ ১ নম্বর পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি রাজেশ তন্ত্রী-র বাড়ি সিল করে দিয়েছে পুলিশ। তোলাবাজি, মারধর সহ একাধিক অভিযোগের ভিত্তিতে তাঁর খোঁজ চলছিল। গতকাল ওই নেতার মারুগঞ্জের বাড়িতে তালা ঝুলিয়ে দেয় পুলিশ।

**********************************************************************

দক্ষিণ ২৪ পরগনার রাজপুর-সোনারপুর পুরসভার ৩২ নম্বর ওয়ার্ডে মাছ চুরির অভিযোগে তৃণমূল কংগ্রেস কাউন্সিলর বরুণ সরকারকে গ্রেফতার করল পুলিশ। এলাকার একটি মাছের ভেড়ি থেকে আজ ভোররাতে বিনা অনুমতিতে মাছ তোলার অভিযোগে স্থানীয় বাসিন্দারা তাঁকে ঘিরে ধরে বিক্ষোভ দেখান। পরে পুলিশ এসে তাঁকে গ্রেফতার করে। স্থানীয়দের অভিযোগ দীর্ঘদিন ধরেই প্রভাব খাটিয়ে ওই ভেড়ি থেকে মাছ তুলে নেওয়ার অভিযোগ ছিল ধৃত কাউন্সিলরের বিরুদ্ধে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৪-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

**********************************************************************

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

উত্তরবঙ্গে সোমবার পর্যন্ত বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকবে তবে মঙ্গলবার থেকে হিমালয় সন্নিহিত ৫ জেলায় আবার বৃষ্টির পরিমাণ বাড়বে বলেও তিনি জানান।

**********************************************************************